গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩৩২.০৪.০০২.১৩(অংশ-১)- ১৫১

তারিখঃ ২৯ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ
১২ এপ্রিল, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ গত ০৩ এপ্রিল, ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিকল্পনা বিভাগের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

গত ০৩ এপ্রিল, ২০১৭ খ্রিঃ তারিখে পরিকল্পনা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এনইসি ১নং কমিটি কক্ষে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ কার্যবিবরণী ০২ পাতা।

১২/৪/২০১৭
(শ্যামল কুমার সিংহ)
যুগ্মসচিব
ফোনঃ ৯১১৭৯১৪
e-mail: dsplandivco@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ই-১৭, আগারগাঁও, ঢাকা।
৫. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
( সভার কার্যবিবরণী **Website** এ প্রকাশের **প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)**

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

## নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ০৩ এপ্রিল, ২০১৭ সকাল ১১:০০ ঘটিকা

স্থানঃ এনইসি ১নং কমিটি কক্ষ

সভাপতিঃ জনাব জিয়াউল ইসলাম
সচিব, পরিকল্পনা বিভাগ।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (সমন্বয়) কার্যপত্র অনুযায়ী সভায় বিগত সভার গৃহীত সিদ্ধান্ত ও এর বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। সভায় ভিডিও কনফারেন্সিং সিস্টেম এর বিষয়ে আলোচনা হয়। এনএপিডি-এর প্রতিনিধি বলেন যে, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে ভিডিও কনফারেন্সিং সিস্টেম চালুকরণ বিষয়ে পরিকল্পনা বিভাগের সাথে প্রাথমিক আলোচনা হয়েছে। | ১। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে বিসিএস-স্বাস্থ্য ক্যাডারদের চলমান বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ৮৭ ও ৮৮ তম ব্যাচের ক্লাস পরিকল্পনা বিভাগের সচিব মহোদয় পরীক্ষামূলকভাবে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে নেবেন। | জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, এবং<br><br>আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ |
| ২। কর্মচারী নিয়োগ প্রক্রিয়া অনলাইনে চালু করার বিষয়ে আলোচনা হয়। পরিকল্পনা বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট বলেন, পরিকল্পনা বিভাগে কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনলাইন ব্যবস্থা আংশিক চালু রয়েছে। সম্প্রতি ৩য় শ্রেণী কর্মচারী নিয়োগের ক্ষেত্রে চাকরির নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদন গ্রহণ, ফলাফল প্রকাশ অনলাইনের মাধ্যমে সম্পন্ন হয়েছে।<br>এনএপিডি-এর প্রতিনিধি বলেন এনএপিডি-এর ইনহাউজ সফটওয়ার রয়েছে। কর্মকর্তা/কর্মচারী নিয়োগ প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন হয়।<br>বিআইডিএস–এর প্রতিনিধি বলেন কর্মকর্তা/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনলাইন প্রক্রিয়া চালু রয়েছে। | ২। পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মচারী নিয়োগ অনলাইন ব্যবস্থার মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব (প্রশাসন)<br><br>এবং<br><br>আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ |
| ৩। জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ইনোভেশন টিম কর্তৃক উপস্থাপিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য পরিকল্পনা বিভাগে ডিসপ্লে স্থাপন বিষয়ে আলোচনা করা হয়। পরিকল্পনা বিভাগ/কমিশনের যে সকল কর্মকর্তা বিদেশ ভ্রমনে/ লিয়েন/প্রেষণ-এ আছেন তাঁদের তালিকা Display তে প্রদর্শনের বিষয়ে আলোচনা করা হয়।<br>এনএপিডি –এর প্রতিনিধি বলেন, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে প্রতিদিনের গুরুত্বপূর্ণ কর্মকান্ডের তালিকা ডিসপ্লে করা হয়। | ৩। মাননীয় পরিকল্পনা মন্ত্রীর দপ্তর এবং পরিকল্পনা বিভাগের সচিব মহোদয়ের দপ্তরে এবং গুরুত্বপূর্ণ স্থানে বিভাগ/কমিশনের যে সকল কর্মকর্তা বিদেশ ভ্রমনে/ লিয়েন/প্রেষণ-এ আছেন তাঁদের তালিকা Display তে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ<br><br>এবং<br><br>আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| | | |
|---|---|---|
| ৪। সভাপতি বলেন পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশনে যে সকল কর্মকর্তা বিদেশ ভ্রমন/লিয়েনে রয়েছেন তাঁরা কবে ফিরবেন এ সংক্রান্ত তথ্যাদির একটি সফটওয়্যার তৈরির কথা। যাতে করে যে কেউ এ সংক্রান্ত তথ্যাদি খুব সহজেই ওয়েবসাইটে দেখতে পারেন। এ বিষয়ে আলোচনা হয়। অতিরিক্ত সচিব -২ বলেন প্রশাসন-১/২ এ সকল তথ্যাদি এক্সেলে তৈরি আছে। এ বিষয়ে ওয়েবসাইটে লিংক দেওয়ার কাজটি আইসিটি সেল করতে পারে। | ৪। প্রশাসন-১/২ ও পিটি শাখার সাথে পরিকল্পনা বিভাগের আইসিটি সেল যোগাযোগ করে একটি সফটওয়্যার তৈরির ব্যবস্থা গ্রহণ করবেন। এ সংক্রান্ত কার্যপরিধি ও ব্যয় সংক্রান্ত একটি প্রস্তাবনা পেশ করতে হবে। | যুগ্মসচিব (পিটি/প্রশাসন)<br>এবং<br>আইসিটি সেল,<br>পরিকল্পনা বিভাগ |
| ৫। সভায় ই-ফাইলিং বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। অতিরিক্ত সচিব-১ বলেন, এটুআই কর্তৃক ই-ফাইলিং বাস্তবায়নে শীর্ষ ই-ফাইলিং ব্যবহারকারী ১০টি মন্ত্রণালয়/বিভাগ-এর তালিকা করা হয়েছে। তার মধ্যে পরিকল্পনা বিভাগ নেই।<br>এনএপিডি'র প্রতিনিধি বলেন জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে ১৮৫টি ফাইল ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। | ৫। পরিকল্পনা বিভাগ/কমিশনে প্রতিটি শাখা ও অধিশাখায় ই-ফাইলিং কার্যকর করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল শাখা/উইং/আইসিটি সেল<br>ও<br>পরিচালক<br>আইডিই প্রকল্প<br>পরিকল্পনা বিভাগ। |

স্বাক্ষরিত/- ১১/০৪/২০১৭ খ্রিঃ
(মোঃ জিয়াউল ইসলাম)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
পরিকল্পনা বিভাগ।